দৈনিক খবর

তারিখ 16 MAR 1993 পৃষ্ঠা ২ কলাম ৬

# 'দেশের শিক্ষা নীতিতে পরিবর্তন আনতে হবে'

।। স্টাফ রিপোর্টার ।।

'দেশের শিক্ষা নীতিতে পরিবর্তন অবশ্যই আনতে হবে। স্বাধীন দেশের পূর্ণ সত্তা বিকশিত করতে বাংলার পাশে ইংরেজীর জোরালো ভিত্তি রচনা সেন্ট মার্গারেট ও লেভেল ইন্টারন্যাশনাল টিউটরিয়ালের মত উদ্যোগ আজ বড়ই প্রয়োজন। ইংরেজী শিক্ষা গ্রহণের ওপর গুরুত্ব আরোপ করে সাংবাদিক গিয়াস কামাল চৌধুরী এ মন্তব্য করেন। তিনি গতকাল রোববার তেজকুনী পাড়াস্থ সেন্ট মার্গারেট ও লেভেল ইন্টারন্যাশনাল টিউটরিয়ালের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

জনাব চৌধুরী মাতৃভাষা বাংলার পূর্ণতা সাধন ও দেশে বিদেশে তার শুধু সঠিক ব্যবস্থাই নয়, কর্ম সম্পাদনের উপযুক্ত ও জোরালো মাধ্যম হিসেবে ব্যবহারের প্রতিষ্ঠান ইংরেজী মাধ্যম বিদ্যালয়গুলোর ওপর গুরুত্ব আরোপ করে বলেন, বাংলাদেশে এ ধরনের প্রতিষ্ঠান না থাকলে মধ্যবিত্তের সন্তানরা শিক্ষা গ্রহণের উপযুক্ত সুযোগ থেকে বঞ্চিত হবে। তিনি সরকারের দৃষ্টি আকর্ষণ করে এদেরসুযোগদানেরআহ্বানজানান।

তিনি বলেন, প্রধানমন্ত্রী খালেদা জিয়া ইতিমধ্যেই দেশের সার্বিক শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন ঘোষণা করেছেন। এরশাদ আমলের ব্যবস্থাপনা ও নীতির পরিবর্তন ঘটিয়ে তিনি একটি স্বাধীন গণতান্ত্রিক সরকারের শিক্ষানীতি চালু করছেন।

প্রধান শিক্ষিকা মিসেস উম্মে সালমার সভানেত্রীত্বে অনুষ্ঠিত এই সভায় আরও উপস্থিত ছিলেন নবনিযুক্ত অধ্যক্ষ আশরাফুজ্জামান (সাবেক ডিজি রেডিও বাংলাদেশ) ও বিশেষ অতিথি মুক্তিযোদ্ধা বিমলদত্ত।

প্রধান অতিথি গিয়াস কামাল চৌধুরী থাইল্যান্ড, মালয়েশিয়াসহ পৃথিবীর অন্যান্য দেশের শিক্ষা ব্যবস্থা ও ইংরেজী শিক্ষার এ ধরনের প্রতিষ্ঠানের কার্যক্রম ব্যাখ্যা করে সেন্ট মার্গারেট টিউটরিয়ালের শিক্ষাদান পদ্ধতির ভূয়সী প্রশংসা করেন। অক্সফোর্ড অন্তর্ভুক্ত এই প্রতিষ্ঠানের বহু ছাত্র গৌরবোজ্জ্বল ফল লাভ করায় তিনি কর্তৃপক্ষকে ধন্যবাদ

তিনি বলেন, বৃটিশ নাগরিক প্রিন্সিপাল এইচ টি প্যারেরা প্রতিষ্ঠিত এই বিদ্যালয়ের উত্তরসূরি মিসেস উম্মে সালমা আজ আলোকবর্তিকা হাতে নিয়ে যে কর্ম সাধনায় নেমেছেন তা দেশে গৌরবোজ্জ্বল ভূমিকা রাখবে।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে সঙ্গীত, নৃত্য ও নাট্যাভিনয়ে অংশগ্রহণ করে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা। অভিভাবক-অভিভাবিকা ও ছাত্র-ছাত্রীদের অনুষ্ঠানটি ছিল খুবই উপভোগ্য।